



মৃত্যুদণ্ডপ্রাপ্ত হাসিনা-কামালকে ফেরত চেয়ে দিল্লিতে ঢাকার চিঠি



সংগৃহীত ছবি

মানবতাবিরোধী অপরাধে মৃত্যুদণ্ডপ্রাপ্ত পলাতক আসামি শেখ হাসিনা ও সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালকে দেশে ফেরত পাঠাতে ভারত সরকারের কাছে আনুষ্ঠানিকভাবে চিঠি পাঠিয়েছে বাংলাদেশ। বিষয়টি নিশ্চিত করেছেন পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন।

রোববার (২৩ নভেম্বর) দপ্তরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি জানান, দুই আসামিকে ফেরত আনার জন্য গত শুক্রবার (২১ নভেম্বর) দিল্লির উদ্দেশে আনুষ্ঠানিক অনুরোধপত্র পাঠানো হয়েছে।

১৭ নভেম্বর আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের রায়ে জুলাইয়ের গণ-অভ্যুত্থান চলাকালে সংঘটিত মানবতাবিরোধী অপরাধে শেখ হাসিনা, সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী কামাল ও পুলিশের সাবেক মহাপরিদর্শক চৌধুরী আবদুল্লাহ আল মামুনকে দায়ী করা হয়। রায়ে শেখ হাসিনা ও কামালকে মৃত্যুদণ্ড এবং রাজসাক্ষী হওয়ায় মামুনকে পাঁচ বছরের কারাদণ্ড দেওয়া হয়।

LENS ASIA